

জনশুমারিতে তথ্য দিন
পরিকল্পিত উন্নয়নে অংশ নিন


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

জনশুমারি সর্বোচ্চ অগ্রাধিকার


প্রশিক্ষণ কেন্দ্রে জরুরী নির্দেশনা:

জোন পর্যায়ে গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ কেন্দ্রে জোনাল অফিসারদের নিম্নোক্ত নির্দেশনা
আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে:

- (১) জোন পর্যায়ে যে সকল 'স্কুলে' গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে, সেসকল স্কুলে প্রশিক্ষণের সময় জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রচার সামগ্রী 'লিফলেট' বিতরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, যেসকল ডিসিসিগণ ইতোমধ্যে লিফলেট গ্রহণ করছেন তারা আগামীকাল প্রশিক্ষণে তা নিশ্চিত করবেন এবং যারা এখনো পর্যন্ত লিফলেট পাননি তারা ২য় ধাপের প্রশিক্ষণে তা বিতরণ নিশ্চিত করবেন;
- (২) জোনাল অফিসারগণ প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে সময়ে সময়ে বা প্রশিক্ষণ শুরুর পূর্বে এবং দুপুরের খাবারের বিরতিতে প্রচারের জিংগেল, ডকুডামা, টিভিসি, পিএসএ, ইন্টার্যাক্টিভ অডিও-ভিজুয়াল প্রশিক্ষণ মডিউল ও অন্যান্য প্রচার কনটেন্ট ইত্যাদি প্রচার কার্যক্রম নিশ্চিত করবেন;
- (৩) প্রশিক্ষণসূচি অনুযায়ী প্রশিক্ষণের শেষ দিনে ফিল্ড ভিজিটের অংশ হিসেবে তথ্যসংগ্রহের সময় সুপারভাইজার ও গণনাকারীগণ শুমারি জ্যাকেট পরিধান করবেন যাতে করে গণনা এলাকার জনগণ জনশুমারি ও গৃহগণনা ২০২২ বিষয়ে অবহিত হতে পারেন;
- (৪) প্রশিক্ষণ কেন্দ্রে জোনাল অফিসার ও আইটি সুপারভাইজারগণ আবশ্যিকভাবে প্রত্যেক গণনাকারী ও সুপারভাইজারদের জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর অফিশিয়াল ফেসবুক ও ইউটিউব চ্যানেলে সাবস্ক্রিপশান নিশ্চিত করবেন। জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ব্যাপক প্রচারের লক্ষ্যে গণনাকারী ও সুপারভাইজারদের নিজস্ব ফেসবুক হতে আবশ্যিকভাবে প্রচার কনটেন্টসমূহ বিভিন্ন গ্রুপ ও পেইজে শেয়ার করার নির্দেশনা প্রদান করবেন।


06/04/2022

আশ্রাফুন নাহার
উপপরিচালক


24.04.2022

মো: শফিকুল ইসলাম
উপ-প্রকল্প পরিচালক (ফিল্ড)
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।


06/03/2022

মো. দিলদার হোসেন
প্রকল্প পরিচালক (উপসচিব)